

Friday, August 14, 2015



সুবিধাবঞ্চিত মানুষের পাশে সাবিনা ইয়াসমিন

নিজস্ব প্রতিবেদক:

বরেণ্য সংগীতশিল্পী সাবিনা ইয়াসমিনকে গান গাওয়ার পাশাপাশি বিভিন্ন সামাজিক সচেতনতামূলক কার্যক্রম ও সুবিধা বঞ্চিত মানুষদের পাশে দেখা যায়। তিনি গত দুই বছর ধরে সেবামূলক প্রতিষ্ঠান ডিসিআইসি ডিলডেন এন্ড ইনফ্যান্টস ইন্টারন্যাশনাল (ডিসিআই)- এর সঙ্গে পৃষ্ঠপোষক হয়ে কাজ করছেন।



সম্প্রতি সমাজের সুবিধাবঞ্চিত মানুষদের নিয়ে ওই প্রতিষ্ঠানটি কল্যাণপুর পোড়াবাড়ী বস্তিতে নিজস্ব হেলথ ক্লিনিকে দুস্থ মানুষদের জন্য একটি ফ্রি আই ক্যাম্প এর আয়োজন করে। প্রধান অতিথি হিসেবে আই ক্যাম্প উদ্বোধন করেন সাবিনা ইয়াসমিন।

এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডায়াবেটিক এসোসিয়েশন অব বাংলাদেশের প্রেসিডেন্ট প্রফেসর. এ.কে আজাদ খান, চীফ কোঅর্ডিনেটর ড. মোহাম্মদ আশুল মজিদ, এটিএন বাংলার ভাইস প্রেসিডেন্ট তাসিক আহমেদ প্রমুখ।

আই ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে সাবিনা ইয়াসমিনকে ডিসিআইসি'র সান চাইল্ড হোমের (অরফ্যালেনজ) শিশুরা ফুল দিয়ে স্বাগত জানায়। পরে তিনি ডিসিআইসি'র ফ্রি আই ক্যাম্প এর কার্যক্রম ও ডিসিআইসি'র প্রতিষ্ঠিত বস্তির সুবিধা বঞ্চিত শিশুদের জন্য প্রি-স্কুল পরিদর্শন করেন।

সাবিনা ইয়াসমিন বলেন, 'আমাকে এরকম একটি প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত করায় ডিসিআইসি'র প্রতিষ্ঠাতা এবং নির্বাহী পরিচালক ডা. এহসান হককে প্রথমেই ধন্যবাদ দিতে চাই। যুক্তরাষ্ট্রভিত্তিক এই প্রতিষ্ঠানটির হয়ে দুস্থদের জন্য এর আগেও কাজ করেছি। শিশুদের পাশ থাকতে পেয়ে ভালই লাগছে। প্রসঙ্গত, ইতিপূর্বে এই কার্যক্রমের আওতায় ২৪৭ জন রোগীকে উক্ত আই ক্যাম্পে চক্ষু সেবা প্রদান করা হয়। এবং ৭০ জন চক্ষু রোগীকে বিনামূল্যে ঔষধ দেয় প্রতিষ্ঠানটি।